Nabadiganta Industrial Township Authority
e-TENDER NOTICE
NIT No. WBMAD/NDITA/98/ 2023-24, Dated : 09.02.2024.
e-Tender ID :
2024_MAD_664833_1
Tender Details available from website : **www.ndita.org** or **wbtenders.gov.in**
Sd/-
Executive Officer, NDITA

Nabadiganta Industrial Township Authority
e-TENDER NOTICE
NIT No. WBMAD/NDITA/99/ 2023-24, Dated : 09.02.2024.
e-Tender ID :
2024_MAD_664879_1/2/3
Tender Details available from website : **www.ndita.org** or **wbtenders.gov.in**
Sd/-
Executive Officer, NDITA

BALURGHAT MUNICIPALITY
NIeT (DI Pipe Line)
The Executive Officer, Balurghat Municipality invites e-Tender for **NIeT No-3544/WS/PW-3 (Tender ID-2024_MAD_664930_1) dt.09.02.2024.** Details information /download/upload will be available from the website – **(i) https://etender.wb.nic.in (ii) http://wbtenders.gov.in,** Municipal Notice Board and Municipal website **www.balurghatmunicipality.org .**
Sd/-
Executive Officer
Balurghat Municipality

উত্তর মধ্য রেলওয়ে
টেন্ডার বিজ্ঞপ্তি
ভারতের রাষ্ট্রপতির পক্ষে এবং তার পক্ষে ডেপুটি চিফ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনীয়ার (কনস্ট.), উত্তর মধ্য রেলওয়ে, আগ্রা নিম্নলিখিত কাজের জন্য শুধুমাত্র অনলাইন (ই-টেন্ডারিং) মাধ্যমে "অবাধ টেন্ডার" আহ্বাণ জানিয়েছেন।
টেন্ডার নং : এজিসি-ইএল-সি-টি-০৩-২০২৩-২৪ | আনুমানিক কাজের খরচ : টা. ৩৪,৬১,১১,২৪৫.৯৫/-
এর অবস্থান সহ কাজের নাম: উত্তর মধ্য রেলওয়েতে ডিএইও-সিরমুত্রা সেকশন ফোন-। (৭০ কিমি.) ...
260/24 (P)

উত্তর মধ্য রেলওয়ে
ই-টেন্ডারিং টেন্ডার বিজ্ঞপ্তি
239/24 FA

উত্তর মধ্য রেলওয়ে
ই-টেন্ডার বিজ্ঞপ্তি
259/24 (A)

উত্তর মধ্য রেলওয়ে
ই-প্রকিওরমেন্ট টেন্ডার বিজ্ঞপ্তি
237/24(K)

উত্তর মধ্য রেলওয়ে
অবাধ ই-টেন্ডার বিজ্ঞপ্তি
204/24 (P)

আমেরিকায় ফের অস্বাভাবিক মৃত্যু ভারতীয় যুবকের

নয়াদিল্লি: বাকবিতণ্ডার মাঝেই মাথায় আঘাত। তাতেই আমেরিকার ভার্জিনিয়ায় প্রাণ গেল ভারতীয় এক যুবকের। পুলিশ জানিয়েছে ২ ফেব্রুয়ারি ঘটনাটি ঘটেছে ওয়াশিংটন শহরের প্রাণকেন্দ্রে একটি রেস্তরাঁয়। বুধবার মৃত্যু হয় তাঁর। ওই যুবকের নাম বিবেক চান্দের তানেজা। হামলাকারীরা এখনও অধরা। তাদের খবর দিতে পারলে ২৫ হাজার মার্কিন ডলার পুরস্কারও ঘোষণা করা হয়েছে। উল্লেখ্য, গত এক মাসে আমেরিকায় আরও পাঁচ ভারতীয়ের অস্বাভাবিক মৃত্যুর ঘটনা ঘটেছে।

SBI স্ট্রেসড অ্যাসেট রিকভারি শাখা, দক্ষিণবঙ্গ
জীবনদীপ বিল্ডিং, ৩য় তল, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা- ৭০০০৭১
সংবাদ প্রতিদিন পত্রিকায় ০৯.০২.২০২৪ তারিখে প্রকাশিত এসবিআই-এর বিজ্ঞাপনে ঋণগ্রহীতা শ্রী অরূপ দত্তের সারফাইসি অ্যাক্ট ২০০২ - এর অধীনে সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২–এর রুল শুধুমাত্র ৮(৬) পড়তে হবে। রুল ৯(১) এবং রুল ৬(২) এখানে প্রযোজ্য হবে না।

Government of West Bengal
e-Tender Notice
Tenders for procurement of Computer, Printer Camera & Internet Related Items is hereby invited for ensuing Parliamentary General Election-2024 for PaschimMedinipur district. The NIT No : DMPDD/Development & Planning Section/e-NIT-08/2023-24 & NIT ID : 2024_DMPMM_664681_1. Closing date of tender is 24/02/2024 till 12.30 hour.For details see website: https://wbtenders.gov.in&https://www.paschimmedinipur.gov.in
Sd/ Additional District Magistrate (P)
PaschimMedinipur.
Memo No.-177(3)/Advt./ICA/PaschimMedinipur
Dated 10.02.2024

স্টিল ব্রিজ গার্ডারের তৈরী, সরবরাহ এবং প্রতিস্থাপন
উত্তর মধ্য রেলওয়ে

চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস
ই-টেন্ডার বিজ্ঞপ্তি
[PR4/316]
www.facebook.com/clwrailways

সরকার গড়বে কে, জট পাকিস্তানে

ইসলামাবাদ: পাকিস্তান সংসদের ভোটে টানটান নাটকে এখনও যবনিকা পড়েনি। ফলাফল স্পষ্ট হয়নি। যদিও জয়ের দাবি করেছেন প্রাক্তন প্রধানমন্ত্রী নওয়াজ শরিফ। এগিয়ে রয়েছে ইমরান খানের তেহরিক ই ইনসাফ সমর্থিত নির্দলরা। কিন্তু একক দল হিসাবে নওয়াজ শরিফের পাকিস্তান মুসলিম লিগ-নওয়াজ সবচেয়ে বেশি আসন পেয়েছে বলে দাবি করেছেন শরিফ। জোট সরকার গড়তে পাকিস্তান পিপলস পার্টির প্রধান আসিফ আলি জারদারির সঙ্গে বৈঠকও করেছেন। তবে, শেষ হাসি কে হাসবেন তা স্পষ্ট নয়। নওয়াজের ছক বানচাল করে নির্দল ও ইমরানের অনুগামীরাই শেষ পর্যন্ত সরকার গড়বেন বলে অনুমান কূটনৈতিক বিশেষজ্ঞদের।

শেষ পাওয়া খবরে পাক সংবাদমাধ্যম জিও নিউজ জানাচ্ছে, পিটিআই সমর্থিত নির্দলরা ৯৭টি আসন দখল করেছেন। অন্যদিকে, পিএমএল-এন পেয়েছে ৭২টি আসন। পিপিপির দখলে গিয়েছে ৫২টি। গত বৃহস্পতিবার পাক সংসদের নিম্নকক্ষ ন্যাশনাল অ্যাসেম্বলির ২৬৫ আসনে ভোট হয়। ন্যাশনাল অ্যাসেম্বলির মোট আসন সংখ্যা ৩৩৬। এর মধ্যে ৬০টি আসন মহিলাদের জন্য সংরক্ষিত। ১০টি আসন সংখ্যালঘু অ-মুসলিমদের জন্য। ম্যাজিক ফিগার ১৬৯। ফলে সরকার গড়তে ২৬৫-র মধ্যে ১৩৩টি আসনে জয় পেতে হবে কোনও দল বা জোটকে।

তবে এবারের ভোটে ইতিহাস তৈরি করা হল না পাকিস্তানের প্রথম হিন্দু মহিলা প্রার্থীর। লড়াই করেও নির্বাচনে পরাজিত হলেন ২৫ বছর বয়সি চিকিৎসক সবেরা প্রকাশ। তাঁর ঝুলিতে এসেছে মাত্র ১৭০০টি ভোট। তার পরেও হতোদ্যম নন সবেরা। বরং লড়াই করার সুযোগ দেওয়ায় পাকিস্তান পিপলস পার্টিকে ধন্যবাদ জানিয়েছেন তরুণী সবেরা প্রকাশ। এক্স হ্যান্ডলে পাকিস্তানের প্রথম হিন্দু মহিলা প্রার্থী জানিয়েছেন, "ভোটে লড়াই করার অভিজ্ঞতা অসাধারণ। দলের চেয়ারম্যান বিলাওয়াল ভুট্টো, সমর্থকদের পাশাপাশি যারা আমাদের উপর বিশ্বাস রেখেছেন তাঁদের ধন্যবাদ।" সবেরার সংযোজন, "যদিও ভোটের ফলাফল আশানুরূপ হয়নি। তবে অতীত থেকে শিক্ষা নিয়ে আমরা একসঙ্গে আরও শক্তিশালী হয়ে ভবিষ্যতের দিকে এগিয়ে যাব।"

ইতিমধ্যে শনিবারই রাওয়ালপিণ্ডির একটি আদালত ইমরান খান ও প্রাক্তন পাক বিদেশমন্ত্রী শহ মেহমুদ কুরেশিকে ১২টি মামলায় জামিন দিয়েছে। মে মাসে দাঙ্গা বাধানোর অভিযোগে তাঁদের বিরুদ্ধে একাধিক মামলা দায়ের হয়েছিল। শনিবার সেই মামলাগুলিতে জামিন পেলেন তাঁরা। গত বছর মসনদ থেকে বিতাড়িত ইমরান খান গত বছর দাবি করেন, তাঁর স্ত্রী বুশরা বিবিকে জেলে পুরতে ছক কষছেন নওয়াজ ও তাঁর ভাই তথা তৎকালীন পাক প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ।

গুজরাতে ছানি অপারেশন করিয়ে দৃষ্টিহীন সাত রোগী

পাটান : মোদিরাজ্যে চোখে ছানি অপারেশন করাতে গিয়ে ফের দৃষ্টিহীন হয়ে যাওয়ার অভিযোগ তুললেন সাত রোগী। চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে গুজরাতের পাটান জেলার হাসপাতালে। এই নিয়ে এক মাসের মধ্যে রাজ্যে দ্বিতীয়বার এমন ঘটনা ঘটল।

অভিযোগকারীদের অধিকাংশের বক্তব্য, তাঁদের কেউ কেউ চোখে একদমই দেখতে পাচ্ছেন না। কারও দাবি, আংশিকভাবে দৃষ্টি হারিয়েছেন তাঁরা। বিতর্কের সূত্রপাত হতেই হাসপাতাল কর্তৃপক্ষ সাফাইয়ে বলে, কয়েকজন রোগীর চোখে সংক্রমণের জন্য একটু জটিলতা দেখা দিয়েছে। ইতিমধ্যেই গোটা ঘটনার তদন্তের নির্দেশ দিয়েছেন গুজরাতের স্বাস্থ্যমন্ত্রী হৃষীকেশ প্যাটেল। উল্লেখ্য, গত মাসেও গুজরাতের আমেদাবাদের মণ্ডল গ্রামে ছানি অপারেশন করতে গিয়ে ১৭ জন বয়স্ক দৃষ্টিশক্তি হারান বলে অভিযোগ।

গত ২ ফেব্রুয়ারি রাধানপুরে সর্বোদয় চক্ষু হাসপাতালে ১৩ জনের ছানি অপারেশন হয়েছিল। হাসপাতালটির ট্রাস্টি ভারতী ভাকারিয়া জানান, সাত জনের মধ্যে পাঁচজনকে আমেদাবাদের সিভিল হাসপাতালের চক্ষু বিভাগে স্থানান্তর করা হয়েছে। দুজনকে ভর্তি করা হয়েছে মেহসেনা জেলার একটি হাসপাতালে। তাঁর দাবি, তাঁদের হাসপাতালের অপারেশন থিয়েটার যথেষ্ট ভালো আছে। তদন্তে নেমে সরকারি হাসপাতালের চিকিৎসকরা এসে পর্যবেক্ষণের পাশাপাশি নমুনাও নিয়ে গিয়েছেন।

খেলা

কামিংসে আস্থা হারাচ্ছেন না হাবাস

প্রসূন বিশ্বাস

ম্যাচ শেষে জেসন কামিংসের এদিনের পারফরম্যান্সে খুশি না হওয়া বেশ কিছু সবুজ-মেরুন সমর্থক বলতে বলতে স্টেডিয়াম ছাড়ছিলেন, "সিদ্ধান্তটা ভুল হয়ে গেল নাতো?" হুগো বুমোস বাতিল হওয়ার দিনে কামিংস গোল পেলেও তাঁর পারফরম্যান্স দেখে খুশি হতে পারলেন না অনেকেই।

তবে মোহনবাগান কোচ আন্তোনিও লোপেজ হাবাস এখনই কামিংসে আস্থা হারাচ্ছেন না। তিনি বলেন, "আজ চার-পাঁচটা গোলের সুযোগ পেয়েছিল জেসন। গোল করতে পারলে ওরও ভালো লাগত। আইএসএলে আগেও গোল করেছে। ভবিষ্যতে আরও গোল পাবে। বাকিদের মতো জেসনের উপর আস্থা আছে আমার।"

শনিবার সকালেই জানা গিয়েছিল হুগো বুমোসকে সরিয়ে তাঁর বদলে রেজিস্ট্রেশান করানো হয়েছে জনি কাউকোকে। সেই কাউকো, যাঁকে এবার ডার্বির দু'দিন আগে ফিনল্যান্ড থেকে উড়িয়ে আনা হয়েছিল। কাউকো আর বুমোসকে দেখা গিয়েছিল একসঙ্গে গ্যালারিতে বসে ডার্বি দেখতে। তবে বুমোসকে বাদ দিয়ে দলে কাউকোর অন্তর্ভুক্তির কথা সরকারিভাবে ক্লাব ম্যানেজমেন্ট থেকে জানানো হল খেলা শুরুর ঘণ্টা দুয়েক আগে।

শনিবার মরশুমের প্রথম ম্যাচ খেলে যথেষ্টই তৃপ্ত কাউকো। তিনি বলেন, "আমি ফিরে আসার পর এই জয়ের ফলে খুশি। সমর্থকরা যেভাবে সমর্থন করেছে তাতে অভিভূত। আজ আমরা আরও গোলে জিততে পারতাম।" কাউকোর সুরে সুর মিলিয়ে দিমিত্রি পেত্রাতোসও বললেন, "পরের ম্যাচে লিগ টেবিলের দ্বিতীয় স্থানে থাকা দলের বিরুদ্ধে নামব। শক্তিশালী প্রতিপক্ষ। জনিও অনেক দিন পর মাঠে নামল। আশা করি, ভবিষ্যতে আরও ভালো খেলবে।"

কামিংসের পাশে দাঁড়াচ্ছেন হাবাস।

প্রথম দিন কাউকোর খেলা দেখে খুশি কোচ হাবাসও। তিনি বলেন, "কাউকোকে দেখে ভেবেছিলাম তিরিশ মিনিট খেলতে পারবে। যতক্ষণ খেলেছে আমি খুশি। ও ফিটই রয়েছে।" এদিন ভাইরাল হওয়া মোহনবাগান 'সুপার ফ্যান' রাজঋষি বাবু মাঠে এসেছিল তার পরিবারের সঙ্গে। অন্য সবুজ-মেরুন সমর্থকদের দেখা যায় এই খুদে সমর্থকের সঙ্গে ছবি তুলতে।

অন্যদিকে, হারের পর হায়দরাবাদ এফসির কোচ থংবই সিংটো বলেন, "আমরা আমাদের পারিপার্শ্বিক চ্যালেঞ্জটাকে গ্রহণ করছি। প্রবল পরিশ্রম করছি। আমাদের দলে একাধিক তরুণ ফুটবলার রয়েছে। এত বড় মঞ্চে ছেলেরা মোহনবাগানের বিরুদ্ধে এমন খেলেছে, সেটাও কম কিছু নয়।" আইএসএলে এই প্রথম কোনও দল আর্থিকভাবে ভেঙে পড়েছে। যদিও তা নিয়ে কোনও কথা বললেনি হায়দ্রাবাদ কোচ।



প্রকাশিত হল প্রাক্তন অ্যাথলিট অনিমা ব্রহ্মের আত্মজীবনী 'বাঘের বাচ্চা তুই'। সেই বই প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বইটির সহ-লেখক তথা অনিমা ব্রহ্মের স্বামী অমল মুখোপাধ্যায়, প্রকাশক শুভঙ্কর দে, প্রাক্তন অ্যাথলিট তরুণ কর্মকার, বর্ষীয়ান সাংবাদিক চিত্তরঞ্জন বিশ্বাস ও রূপক সাহা। শনিবার সিএসজেসি-তে।

ব্যাটিং বিপর্যয়ে বিপাকে বাংলা

স্টাফ রিপোর্টার : ফের ব্যাটিং বিপর্যয়ের কবলে পড়ল বাংলা। কেরালার বিরুদ্ধে রনজি ট্রফির মহাগুরুত্বপূর্ণ ম্যাচে যেখানে ব্যাটারদের সেরা পারফরম্যান্স উজাড় করে দেওয়াটা জরুরি ছিল, সেখানে অভিমন্যু ঈশ্বরণ বাদে বাকিরা চূড়ান্ত ব্যর্থ। আরও স্পষ্ট করে বললে, কেরালার অভিজ্ঞ অলরাউন্ডার জলজ সাক্সেনার (৭/৬৭) বোলিংয়ের সামনে অসহায় আত্মসমর্পণ ঘটল বাংলার ব্যাটারদের। কেরালার প্রথম ইনিংস করা ৩৬৩ রানের জবাবে দ্বিতীয় দিনের শেষে বাংলা প্রথম ইনিংসে ৮ উইকেটে ১৭২ রান করেছে। এখনও তারা ১৯১ রানে পিছিয়ে। একটা সময় মনে হচ্ছিল বাংলা হয়তো পাল্টা লড়াই ছুঁড়ে দেবে কেরালাকে। বাংলার হয়ে ওপেন করতে নেমেছিলেন ঈশ্বরণ এবং রনজ্যোত সিং খাইরা। রনজি অভিষেকে রান পেলেন না খাইরা (৬)। এরপর ঈশ্বরণের সঙ্গে জুটি বাঁধেন সুদীপ ঘরামি। কিন্তু ঈশ্বরণ ব্যক্তিগত ৭২ রানে জলজের বলে আউট হতেই তাসের ঘরের মতো ভেঙে পড়ে বাংলার ব্যাটিং বিভাগ। ১০৭-১ থেকে ১৫১-৮ হয়ে যায় বাংলা। কেরালার হয়ে সেঞ্চুরি করেন শচীন বেবি (১২৪) ও অক্ষয় চন্দ্রন (১০৬)।

কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক লিমিটেড
রেজিস্টার্ড অফিস : ২৭, বিকেসি, সি-২৭, জি ব্লক, বান্দ্রা কুরলা কমপ্লেক্স, বান্দ্রা (পূর্ব), মুম্বই-৪০০০৫১ শাখা অফিস : পঞ্চমতল, ডি ব্লক, ২২, ক্যামাক স্ট্রিট, কলকাতা- ৭০০ ০১৬, পশ্চিমবঙ্গ, কর্পোরেট আইডেন্টিটি নম্বর - এল৬৫১১০এমএইচ১৯৮৫পিএলসি০৩৮১৩৭, www.kotak.com
স্থাবর অস্থাবর সম্পত্তি সমূহের জন্য ই-নিলাম তথা বিক্রয় বিজ্ঞপ্তি
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর স্থাবর সম্পত্তির জন্য রুল ৮(৬) এবং ৯(১) এবং রুল ৬(১), ৬(২), ৬(৪) এবং ৭ রুল-এর নিয়মাবলির সহিত পঠিত সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২-এর অধীনে স্থাবর সম্পত্তি বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি এতদ্বারা জনসাধারণ এবং নির্দিষ্টভাবে ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদাতা(গণ), জামিনদাতা(গণ) এবং/অথবা বন্ধকদাতা(গণ) -কে বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে ...
গুরুত্বপূর্ণ নিয়ম ও শর্তাবলী
স্থান : কলকাতা তারিখ : ০৮.০২.২০২৪
অনুমোদিত আধিকারিক-এর পক্ষে কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক লিমিটেড